# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭০৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৪. আহত ব্যক্তির ক্ষত স্থানে পট্টি বাঁধা এবং পানি ব্যবহার করার সামর্থ্য থাকা সত্ত্বেও তার জন্য তাইয়াম্মুম করা জায়েয

## بَابُ جَوَازِ التَّيَمُّمِ لِصَاحِبِ الْجِرَاحِ مَعَ اسْتِعْمَالِ الْمَاءِ ، وَتَعْصِيبِ الْجُرْحِ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ شَبِيبٍ ، حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ حَمْزَةَ الزُّبَيْرِيُّ ، حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ نَافِعٍ ، عَنِ اللَّيْثِ بْنِ سَعْدٍ ، عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ ، عَنْ أَبِي سَعِيدٍ ، قَالَ : خَرَجَ رَجُلَانِ فِي سَفَرٍ ، فَحَضَرَتْهُمَا الصَّلَاةُ وَلَيْسَ مَعَهُمَا مَاءٌ ، فَتَيَمَّمَا صَعِيدًا طَيِّبًا ، ثُمَّ وَجَدَا الْمَاءَ بَعْدُ فِي الْوَقْتِ ، فَأَعَادَ أَحَدُهُمَا الصَّلَاةَ بِوُضُوءٍ ، وَلَمْ يُعِدِ الْآخَرُ ، ثُمَّ أَتَيَا رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَذَكَرَا ذَلِكَ لَهُ ؟ فَقَالَ لِلَّذِي لَمْ يُعِدْ : " أَصَبْتَ وَأَجْزَأَتْكَ صَلَاتُكَ " ، وَقَالَ لِلَّذِي تَوَضَّأَ وَأَعَادَ : " لَكَ الْأَجْرُ مَرَّتَيْنِ " . تَفَرَّدَ بِهِ عَبْدُ اللَّهِ بْنُ نَافِعٍ ، عَنِ اللَّيْثِ ، بِهَذَا الْإِسْنَادِ مُتَّصِلًا ، وَخَالَفَهُ ابْنُ الْمُبَارَكِ وَغَيْرُهُ

বাংলা

৭০৩(১). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আবু সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, দুই ব্যক্তি সফরে বের হলেন। তাদের নামাযের ওয়াক্ত হলো কিন্তু তাদের সাথে পানি ছিলো না। অতএব তারা উভয়ে পাক মাটি দিয়ে তাইয়াম্মুম করলেন, তারপর (নামাযের) ওয়াক্তের মধ্যেই পানি পেয়ে গেলেন। তাদের একজন উযু করে পুনরায় নামায পড়লেন এবং দ্বিতীয়জন পুনরায় নামায পড়লেন না। তারপর তারা উভয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বিষয়টি তাঁকে অবহিত করলেন। যে ব্যক্তি পুনরায় নামায পড়েননি তিনি তাকে বলেন, তুমি সঠিক করেছ এবং তোমার নামায যথেষ্ট হয়েছে। আর যে ব্যক্তি উযু করে পুনরায় নামায পড়েন তিনি তাকে বলেনঃ তোমার দ্বিগুণ সওয়াব হয়েছে।

এই হাদীস কেবল আবদুল্লাহ ইবনে নাফে’ (রহঃ) এককভাবে আল-লাইছ (রহঃ) থেকে এই সনদে মুত্তাসিলরূপে বর্ণনা করেছেন এবং ইবনুল মুবারক (রহঃ) প্রমুখ তার বিরোধিতা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80492

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন